

🗏 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪: ৯

💵 আরবি মূল আয়াত:

وَّ يَنقَلِبُ إِلَى اَهلِهِ مَسرُورًا ؟﴿٩﴾

আর সে তার পরিবার-পরিজনের কাছে আনন্দিত হয়ে ফিরে যাবে। — আল-বায়ান সে তার স্বজনদের কাছে সানন্দে ফিরে যাবে। — তাইসিরুল এবং সে তার স্বজনদের নিকট প্রফুল্ল চিত্তে ফিরে যাবে। — মুজিবুর রহমান And return to his people in happiness. — Sahih International

- ৯. এবং সে তার স্বজনদের কাছে(১) প্রফুল্লচিত্তে ফিরে যাবে;
 - (১) কোনো কোনো মুফাস্সির বলেন, নিজের লোকজন বলতে পরিবার-পরিজন, আত্মীয়স্থজন ও সাথী-সহযোগীদের কথা বুঝানো হয়েছে। তাদেরকেও একইভাবে মাফ করে দেয়া হয়ে থাকবে। কাতাদাহ বলেন, এখানে পরিবার বলে জান্নাতে তার যে পরিবার থাকবে তাদের বোঝানো হয়েছে। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

৯। এবং সে তার স্বজনদের নিকট প্রফুল্লচিত্তে ফিরে যাবে।[1]

[1] স্বজন বলতে তার পরিবারের মধ্যে থেকে যারা জান্নাতী হবে তারা অথবা এ হতে উদ্দেশ্য হল, সেই সমস্ত বেহেস্টী হুর ও গিলমান, যা জান্নাতীগণ লাভ করবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5893

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন